কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

BHARATI EDUCATION CENTRE
কোচিং ও নোটস সহ ভর্তি চলছে
NIOS
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
বাংলা ও ইংরাজী মাধ্যম
98313 71548 / 91632 82856

বর্ষ ৪৩ সংখ্যা ৮ কলকাতা বুধবার, ১৪ সেপ্টেম্বর ২০২২/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ২৮ ভাদ্র ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## স্টেট ব্যাঙ্কে ৫০০৮ জুনিয়র অ্যাসোসিয়েট

৫,০০৮ জন কর্মী নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ক্লারিক্যাল ক্যাডারে নিয়োগ হবে জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে। ৬ মাসের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CR/2022-23/15.

যে-কোনও একটি রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সে-রাজ্যের সরকারি ভাষা লিখতে, পড়তে, বলতে এবং বুঝতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের পাশাপাশি অন্যান্য বাংলা, হিন্দি ও ইংরেজিভাষী রাজ্যগুলির নির্ধারিত ২,৪৭০টি শূন্যপদের বিষয়ে বিস্তারিত জানানো হল।

**রাজ্য অনুসারে শূন্যপদের বিন্যাস: পশ্চিমবঙ্গ (বাংলা ও নেপালি):** ৩৪০টি (সাধারণ ১৩৬, তফসিলি জাতি ৭৮, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৭৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩৪)। এর মধ্যে ১৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (হিন্দি ও ইংলিশ):** ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**সিকিম (নেপালি ও ইংলিশ):** ২৬টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**মধ্যপ্রদেশ (হিন্দি):** ৪৬৫টি (সাধারণ ১৫৭, তফসিলি জাতি ৫৮, তফসিলি উপজাতি ১৫৪, ও বি সি ৫৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩৮)। এর মধ্যে ১৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ছত্তিশগড় (হিন্দি):** ১০৫ টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৪২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন

এরপর ছয়ের পাতায়

## ভারত ইলেক্ট্রনিক্সে ১০০
### ট্রেনি ইঞ্জিনিয়ার, প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

১০০ জন ট্রেনি ইঞ্জিনিয়ার ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে ভারত ইলেক্ট্রনিক্স। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে সংস্থার বিশাখাপত্তনমের সফটওয়্যার ডেভেলপমেন্ট সেন্টারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 383/TE & PE/HR/SW/2022-23.

**শূন্যপদের বিবরণ: ট্রেনি ইঞ্জিনিয়ার:** শূন্যপদ ৪০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা ইনফর্মেশন সায়েন্সে বি ই বা বি টেক। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট ৩০,০০০ টাকা ও ৩৫,০০০ টাকা।

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার:** শূন্যপদ ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **শিক্ষাগত যোগ্যতা:**

এরপর ছয়ের পাতায়

## সরকারি প্রতিষ্ঠানে ১৩৮ স্বাস্থ্যকর্মী

বিভিন্ন পদে ১৩৮ জন কর্মী নেবে পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ। স্যানিটারি অ্যাটেন্ড্যান্ট গ্রেড-থ্রি, টেকনিশিয়ান গ্রেড-১, মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কার গ্রেড-টু-সহ বিবিধ পদে নিয়োগ করা হবে চণ্ডিগড় ও পঞ্জাবের পি জি আই স্যাটেলাইট সেন্টারে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর:

এরপর ছয়ের পাতায়

## ন্যাবার্ডে ১৭৭ ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট

ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট পদে ১৭৭ জনকে নেবে ন্যাবার্ড। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে।

**শূন্যপদের বিবরণ: ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট ১৭৩টি** (সাধারণ ৮০, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪৬, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক।

**ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট (হিন্দি): ৪টি** (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: হিন্দি এবং ইংরেজি বাধ্যতামূলক বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে ইংরেজি বা হিন্দি মাধ্যমে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সেক্ষেত্রে স্নাতকে প্রধান বিষয় হিসেবে হিন্দি এবং ইংরেজি পড়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে।

**বয়স:** ১-৯-২০২২ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ১৩,১৫০-৩৪,৯৯০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nabard.org দরখাস্ত করা যাবে ১৫ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা ১৫ সেপ্টেম্বর থেকে চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

## ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ২৩০ অ্যাপ্রেন্টিস

২৩০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কোচির ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড এবং ন্যাভাল এয়ারক্রাফট ইয়ার্ড।

**প্রশিক্ষণ দেওয়া হবে এই সব ট্রেডে:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ফিটার, মেশিনিস্ট, মেকানিক মোটর ভেহিক্যল, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, টার্নার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইনস্ট্রুমেন্ট মেকানিক, শিট মেটাল ওয়ার্কার, সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রোপ্লেটার, প্লাম্বার, মেকানিক ডিজেল, মেরিন ইঞ্জিন ফিটার, শিপরাইট (উড), টুল অ্যান্ড ডাই মেকার (প্রেস টুলস, জিগস অ্যান্ড ফিক্সচার্স), পেইন্টার (জেনারেল), পাইপ ফিটার, ফাউন্ড্রিম্যান, টেলর (জেনারেল), মেশিনিস্ট (গ্রাইন্ডার), মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) এবং ড্রাফটসম্যান (সিভিল)।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন

এরপর তিনের পাতায়

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ৫১
### প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বাংলা, বটানি, কেমিস্ট্রি-সহ বিভিন্ন বিভাগে ৫১ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে বর্ধমান বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2022-2023.

নিয়োগ হবে এইসব বিষয়ে: বাংলা, আরবি, বটানি, কেমিস্ট্রি, চাইনিজ, কম্পিউটার সায়েন্স, ইকনমিক্স, এডুকেশন, এনভায়রনমেন্টাল সায়েন্স, হিন্দি, হিস্ট্রি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ম্যাথমেটিক্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (হিউম্যান রিসোর্স), স্ট্যাটিস্টিক্স, সাঁওতালি, সংস্কৃত, ট্যুরিজম ম্যানেজমেন্ট।

**শিক্ষাগত যোগ্যতা:** প্রফেসর পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে পি এইচ ডি। সেই সঙ্গে ইউ জি সি তালিকাভুক্ত জার্নালে প্রকাশিত অন্তত ১০টি রিসার্চ পাবলিকেশন-সহ ১২০ রিসার্চ স্কোর করে থাকতে হবে। পাশাপাশি, কোনও বিশ্ববিদ্যালয় বা কলেজে প্রফেসর বা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা অ্যাসোসিয়েট প্রফেসর হিসেবে ১০ বছরের পড়ানোর বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

এরপর ছয়ের পাতায়

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে ৬৭
### প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

অ্যাপ্লায়েড অপটিক্স অ্যান্ড ফোটোনিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, কেমিক্যাল টেকনোলজি-সহ বিভিন্ন বিভাগে ৬৭ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে কলকাতা বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/355/02.09.2022. যাঁরা ২৮-২-২০১৯ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর: Est./Advt./6530/2019 অনুসারে আগে আবেদন করেছিলেন, তাঁদের পুনরায় আবেদন করতে হবে। নতুন করে আর ফি দিতে হবে না। কিন্তু গত বারের পেমেন্ট রিসিপ্ট আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

নিয়োগ হবে এইসব বিষয়ে: অ্যাপ্লায়েড অপ্টিক্স অ্যান্ড ফোটোনিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, জুট অ্যান্ড ফাইবার টেকনোলজি, পলিমার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, রেডিয়োফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স।

**শিক্ষাগত যোগ্যতা:** প্রফেসর পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে পি এইচ ডি। সেই সঙ্গে ইউ জি সি

এরপর তিনের পাতায়

## উইমেনস পলিটেকনিকে অফিস ম্যানেজমেন্ট কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট। এটি এ আই সি টি ই অনুমোদিত ডিপ্লোমা কোর্স। কলকাতার যোধপুর পার্কে উইমেনস পলিটেকনিক কলেজে শুধুমাত্র মেয়েরা করতে পারবেন অত্যন্ত স্বল্পমূল্যের এই কোর্সটি। শীঘ্রই শুরু হবে স্পট অ্যাডমিশন।

### কী পড়বেন

এই কোর্সে অফিসের কাজকর্ম ও পরিচালনা-সংক্রান্ত যাবতীয় খুঁটিনাটি শেখানো হয়। কোর্সটি ৬টি সেমিস্টারে বিভক্ত। ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সটিতে পড়ানো হয় ফিনান্স, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স, অ্যাডমিনিস্ট্রেশন ছাড়াও কম্পিউটার এবং স্টেনোগ্রাফি ও টাইপিং। ম্যানেজমেন্টে যা পড়ানো হয়, এই কোর্সটিতেও তার প্রায় সবই পড়ানো হয়। সেইসঙ্গে স্টেনোগ্রাফি এবং টাইপিংও শেখানো হয়, অফিস পরিচালনা করার জন্য যা অত্যন্ত দরকারি। ফাইনাল ইয়ারে ছাত্রীদের ছ'সপ্তাহ বিভিন্ন সংস্থায় পাঠানো হয় ট্রেনিং বা ইন্টার্নশিপের জন্য।

**শুরু হচ্ছে স্পট অ্যাডমিশন**

### কারা পড়বেন

উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। ভর্তি হওয়ার জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

### কাজের সুযোগ

ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট পড়া শেষে বিভিন্ন চাকরির পরীক্ষায় বসা যায়। কোর্সের পঠনপাঠনের পরিধিটি বহুমুখী বলেই চাকরি পাওয়ার সুযোগও বেশি। কোর্স শেষে ক্যাম্পাসিংও হয়। নিজেদের প্রচেষ্টায় বা ক্যাম্পাসিং মারফত অধিকাংশ ছাত্রী চাকরি পেয়ে গিয়েছেন। উইমেনস পলিটেকনিক কলেজের বিভাগীয় প্রধান সুনীতা দাস জানালেন, 'কোর্সের শেষ ছ'সপ্তাহ হাসপাতাল, অফিস, এনজিও-সহ নানা ধরনের সংস্থায় প্রশিক্ষার্থীদের পাঠানো হয় ট্রেনিং বা ইন্টার্নশিপের জন্য। ইন্টার্নশিপ শেষ হলে অধিকাংশ সেই সংস্থাতেই চাকরি পেয়ে যান। কলকাতার বাইরে, অন্যান্য রাজ্যেও চাকরি পেয়েছেন অনেক ছাত্রী। সরকারি দপ্তরে ডেটা এন্ট্রির জন্য কর্মীর চাহিদা থাকে। আমাদের এখান থেকে অনেকেই এ কাজ পেয়েছে।'

### স্পট অ্যাডমিশনের জন্য যোগাযোগ

স্পট অ্যাডমিশনের জন্য সত্বর যোগাযোগ করতে পারেন উইমেনস পলিটেকনিক কলেজে, এই ঠিকানায়: ১/১/২ গড়িয়াহাট রোড (সাউথ), যোধপুর পার্ক, কলকাতা-৭০০ ০৬৮। ফোন: ৮৯১০৫-২৩৭০৬/৯৯০৩০-৬০৭৪১।

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কলকাতা বিশ্ববিদ্যালয়ে ৬৭

*প্রথম পাতার পর*

তালিকাভুক্ত জার্নালে প্রকাশিত অন্তত ১০টি রিসার্চ পাবলিকেশন-সহ ১২০ রিসার্চ স্কোর করে থাকতে হবে। পাশাপাশি, কোনও বিশ্ববিদ্যালয় বা কলেজে প্রফেসর বা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা অ্যাসোসিয়েট প্রফেসর হিসেবে ১০ বছরের পড়ানোর বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে পি এইচ ডি। স্নাতকোত্তর স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে ইউ জি সি তালিকাভুক্ত জার্নালে প্রকাশিত অন্তত ৭টি রিসার্চ পাবলিকেশন-সহ ৭৫ রিসার্চ স্কোর করে থাকতে হবে। পাশাপাশি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবে ৮ বছরের পড়ানোর বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইউ জি সি বা সি এস আই আর নেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা নির্দিষ্ট কিছু সমীক্ষা অনুসারে বিশ্বের ক্রমতালিকায় থাকা প্রথম ৫০০টি বিশ্ববিদ্যালয় থেকে পি এইচ ডি ডিগ্রি অর্জন করে থাকতে হবে।

সব ক্ষেত্রেই নিয়মানুসারে প্রার্থীরা নম্বরে ছাড় পাবেন।

**বয়স**: ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৪,২০০-২,১৮,২০০ টাকা। অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩১,৪০০-২,১৭,১০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫৭,৭০০-১,৮২,৪০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার (ও বি সিদের ক্ষেত্রে ২৫০ টাকা) ব্যাঙ্ক ডিমান্ড ড্রাফট। এটি 'Registrar University of Calcutta'-র অনুকূলে প্রদেয় হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১১ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Office of the Hon'ble Vice-Chancellor, University of Calcutta, Darbhanga Building, 1st Floor, 87/1, College Street, Kolkata-700073.

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ২৩০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ৩০-১-২০২৩ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ৫ কপি ফটো। এর মধ্যে ১টি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোটি গেজেটেড অফিসার বা আই টি আই কলেজের অধ্যক্ষকে দিয়ে প্রত্যয়িত করিয়ে নেবেন।
- ✓ বয়সের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓ প্রাক্তন সমরকর্মীর ছেলেমেয়েদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট।
- ✓ গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত ক্যারেকটার সার্টিফিকেটের নকল।
- ✓ প্যান ও আধার কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓ কোভিড ভ্যাকসিনেশন সার্টিফিকেট।
- ✓ এন সি সি এবং খেলাধুলার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৩ সেপ্টেম্বরের মধ্যে সাধারণ ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Admiral Superintendent (for Officer-in-Charge), Apprentices Training School, Naval Ship Repair Yard, Naval Base, Kochi-682 004.

### দরখাস্তের বয়ান

**Application Format**

**Reg No.** ☐
**(for Office use only)**

**Enrolment of Designated Trade Apprentices under Apprenticeship Act (1961)**
**Apprentice Training School, Naval Ship Repair Yard, Kochi-682004**
**(ALL ENTRIES TO BE FILLED UP IN BLOCK LETTERS ONLY)**

(a) Trade Applied for ____________

(b) Name of Applicant (As per SSC/Matric Certificate): ____________

**Affix Photo here (Attested by Gazetted Officer or ITI Principal)**

(c) Sex: Male ☐ Frmale ☐

(d) Father's Name (As per SSC/Matric Certificate): ____________

(e) Date of Birth (As per SSC/Matric Certificate): ____________

(f) **Education / Professional Qualifications:**

| Examination Passed | Year of Passing | Max Marks | Marks obtained | % of Marks |
|---|---|---|---|---|
| SSC/Matriculation | | | | |
| ITI (NCVT) Theory | | | | |
| ITI (NCVT) Practical | | | | |

(g) Name of the ITI with Address: ____________

(h) Category of Community: **SC** ☐ **ST** ☐ **OBC** ☐ **Gen** ☐

(i) Whether Physically Challenged: **Yes** ☐ **No** ☐

(j) Whether son/daughter of Armed Forces Personnel /Ex-Serviceman **Yes** ☐ **No** ☐

(k) Whether son/daughter of Defence Civilian/Naval Dockyard Employees: **Yes** ☐ **No** ☐

(l) Address for correspondence: ____________

Pin ☐☐☐☐☐☐

(m) Mobile/Landline Nos with code: ____________

(n) Nearest Railway Station: ____________

(o) Active e-mail ID (**Capital Letter**) of candidates (compulsory):

(p) **Covid Vaccination details:**

a) **First Dose:** Yes ☐ No ☐ Date ☐

b) **Second Dose:** Yes ☐ No ☐ Date ☐

c) **Booster Dose:** Yes ☐ No ☐ Date ☐

(q) **Shoe Size:** ____________

(r) **T Shirt Size:** ____________

I hereby solemnly and sincerely affirm that the particulars furnished above are true and correct.

..............................
**Signature of the Applicant**

# কেন্দ্রীয় সরকারে চাকরি

সায়েন্টিস্ট 'বি' এবং লেবর এনফোর্সমেন্ট অফিসার পদে ৪৮ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ হবে যথাক্রমে স্বরাষ্ট্র মন্ত্রক এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 17/2022.

**শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর ২২০৯১৭০৩২১০**: সায়েন্টিস্ট 'বি' (ফরেন্সিক ডি এন এ): ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০৯১৭০৮৪১০**: লেবর এনফোর্সমেন্ট অফিসার (সেন্ট্রাল): ৪২টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে।

উভয় ক্ষেত্রেই ২৯-৯-২০২২ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in দরখাস্ত করা যাবে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত।

আবেদনের যোগ্যতা ও পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

**CACES দিচ্ছে On/Offline Courses:**
**SBI CLERK, SLST (PT+SUB), P.TET, WBCS'24, CPTP (Combined), etc. etc.**

আমাদের বৈশিষ্ট্য: দক্ষ ফ্যাকাল্টি ★ উন্নত স্ট্যাডি ম্যাটস ★ সপ্তাহে 4/5/6 দিন মর্ণিং/ডে/ইভিনিং শিফটে ক্লাস ★ রেগুলার অন/অফলাইন মক টেস্ট (ডামি পেপার্সের ওপর) ★ পর্যাপ্ত প্র্যাকটিস্ পেপার্স ★ ডাউট ক্লিয়ারিং ক্লাস ★ পিছিয়ে পড়া ও ভেঙে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য মোটিভেশন ও কাউন্সেলিং ★ দূরবর্তীদের জন্য মেসের ব্যবস্থা ★ আর্থিকভাবে দুর্বলদের জন্য ফীজ কনসেশন ★ মান্থলি ফীজ ★ ডেমো ক্লাস ইত্যাদি। বর্তমানে উপরোক্ত কোর্সগুলিতে ভর্তি ও ক্লাস চলছে। এক বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে নিশ্চিত সাফল্য পেতে আজই যোগাযোগ করুন:

**CACES, 2/80 দমদম রোড, হরিভবন [Gr Floor], (Oppo. GTR), KOL-74. Mobile: 9062756906/ 9123846235**

বি: দ্র: SBI ক্লার্ক ও P.TET-এর ওপর বিশেষ প্রস্তুতি প্যাকেজ।

**OIL AND NATURAL GAS CORPORATION LIMITED**
Green Hills, Tel Bhavan, Dehradun-248 003

**Maharatna ONGC Looking for Young & Bright Executives in Legal Discipline at E1 Level through CLAT-2022 for LLM**

**Advt. No. 7/2022 (R&P)**

Oil and Natural Gas Corporation Limited (ONGC), a "Maharatna" Public Sector Enterprise, is the largest Crude Oil and Natural Gas Company in India, contributing around 70 per cent to Indian domestic production.

We are looking for young, promising and energetic aspirants with bright academic records to join the organization as Class I executive (at E1 level) for the posts of Assistant Legal Adviser through CLAT - 2022 for LLM.

ONGC provides best in class exposure to its employees in terms of Technology, Pay & Allowances, Career Growth and Professional & Personal Development Opportunities. ONGC also offers one of the best compensation packages in the country in terms of Cost to Company (CTC), which is approximately INR 23.61 Lacs at E1 level.

The detailed advertisement containing details of the posts, methods of applying, eligibility criteria etc. are available in **Advt. No. 7/2022 (R&P)** which will be published in Employment News & is also posted at ONGC website **www.ongcindia.com**. Interested and eligible candidates are requested to visit ONGC website for detailed information and online registration of application which will start from **13/09/2022**.



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৬ অগস্ট-২৫ অগস্ট

**১৬ অগস্ট** গুজরাট দাঙ্গার সময় বিলকিস বানোর ১১ ধর্ষণকারীকে শাস্তি মেয়াদ শেষ হওয়ার আগেই মুক্তি দিল গুজরাট প্রশাসন। গত ১৫ বছর ধরে গোধরা জেলে থাকা ওই ১১ বন্দির কোনও একজন সুপ্রিম কোর্টে মুক্তির আবেদন করে। তার ভিত্তিতেই গুজরাট সরকারকে বিষয়টি বিবেচনা করতে বলে শীর্ষ আদালত। তার ভিত্তিতেই গঠিত কমিটি ১১ জনের মুক্তির সুপারিশ করে। এর পরেই সাজা মকুব নীতি বা রেমিশন পলিসিতে এদের মুক্তি দেয় গুজরাট সরকার। সরকারের যুক্তি ইতিমধ্যেই এই অপরাধীরা ১৫ বছর জেল খেটেছে। যদিও তাদের আজীবন জেলে থাকার সাজা শোনানো হয়েছিল। দেশের সব বিরোধী রাজনৈতিক দল এই মুক্তি নিয়ে সরব হয়েছে। আমেরিকার কমিশন ফর ইন্টারন্যাশানাল রিলিজিয়াস ফ্রিডমের *পক্ষ থেকেও এই মুক্তি দেওয়ায় নিন্দা করা হয়েছে।*

## রেনকোজি থেকে চিতাভস্ম ফিরিয়ে আনার পক্ষে সওয়াল নেতাজি কন্যার



**১৬ অগস্ট:** জাপানের রেনকোজি মন্দির থেকে নেতাজি সুভাষচন্দ্র বসুর চিতাভস্ম ভারতে ফিরিয়ে আনা উচিত বলে জানালেন নেতাজি কন্যা অনিতা বসু পাফ। দেশের ৭৫তম স্বাধীনতা দিবসে একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে অনিতা এটাও জানিয়েছেন, নেতাজির কন্যা হিসেবে তাঁর শেষ ইচ্ছা হল হিন্দু মতে বাবার শেষকৃত্য সম্পন্ন করা, তবে তাঁর এই ইচ্ছে কোনও ধর্মীয় ভাবাবেগের বহিঃপ্রকাশ নয়। সেই সঙ্গে নিজের প্রেস বিজ্ঞপ্তিতে নেতাজি কন্যা এও বলেছেন যে, সংশয়ী কেউ থাকলে সন্দেহের নিরসনে রেনকোজি মন্দিরে রাখা নেতাজির চিতাভস্মের ডিএনএ পরীক্ষা করা হোক।

**১৭ অগস্ট** বিজেপির সংসদীয় কমিটির রদবদলে কমিটি থেকে ছাঁটাই হলেন নীতিন গড়করি এবং শিবরাজ সিং চৌহান। অন্যদিকে, প্রবল জল্পনা থাকলেও এবারেও সংসদীয় কমিটিতে জায়গা করে নিতে পারলেন না যোগী আদিত্যনাথ। কর্নাটকের ভোটের কথা মাথায় রেখে ১১ জনের কমিটিতে আনা হয়েছে কর্নাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিএস ইয়েদুরাপ্পাকে। এছাড়া অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী, বর্তমানে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোওয়াল, বিজেপির সর্বভারতীয় সাংগঠনিক সম্পাদক বিএল সন্তোষও মনোনীত হয়েছেন বোর্ডের সদস্য হিসেবে।

**১৮ অগস্ট** দক্ষিণ দিনাজপুরের আব্দুর রাকিব সরকার এবং হুগলির আরামবাগের কাজী এহসান উল্লাহ-কে জঙ্গি যোগের অভিযোগে বারাসাত থেকে আটক করল রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স (এসটিএফ)। এসটিএফ জানিয়েছে বছর সাঁইত্রিশের রাকিব আন্তর্জাতিক জেহাদি জঙ্গি সংগঠন আল কায়দার ভারতীয় উপমহাদেশ শাখার অন্যতম গুরুত্বপূর্ণ সদস্য। তদন্তকারীদের দাবি, রাকিব ও *এহসান উল্লাহের কাছ থেকে যে সব নথি পাওয়া গিয়েছে তাতে দেখা যাচ্ছে,* জঙ্গি হামলা বা নাশকতা ঘটানোর ক্ষেত্রে ভারত ছিল তাদের প্রধান টার্গেট। ধৃত দুই সন্দেহভাজনকে ১৪ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।

**কাশ্মীরে ভোটাধিকার পেলেন সে রাজ্যে** বসবাসকারী বহিরাগতরাও। উল্লেখ্য, গত চার বছর ধরে কোনও নির্বাচিত সরকার নেই জম্মু-কাশ্মীরে। আগামী বছর সেখানে নির্বাচন হওয়ার কথা। আর সেই নির্বাচনেই প্রথমবার ভোট দিতে পারবেন অ-কাশ্মীরিরাও। অ-কাশ্মীরিদের ভোটাধিকার দেওয়া 'গেরুয়া ষড়যন্ত্র' বলে দাবি করেছেন সেখানকার বিরোধীরা। কাশ্মীরি পণ্ডিত, ভিনরাজ্যের শ্রমিকদের উপর জঙ্গিহানা যেখানে বেড়েই চলেছে, সেখানে এই সিদ্ধান্ত ভূস্বর্গে অশান্তি আরও বাড়াবে বলে আশঙ্কা রাজনীতিকদের একাংশের।

## তিন রাজ্যে মেঘভাঙা বৃষ্টি, বন্যায় মৃত ৫০



**২১ অগস্ট:** মেঘভাঙা বৃষ্টি-ধসে হিমাচলপ্রদেশ, উত্তরাখণ্ড ও ওড়িশায় তিন দিনে অন্তত ৫০ জনের মৃত্যু হল। লাগাতার বৃষ্টি, ধস ও হড়পা বানে এই বিপর্যয় ঘটেছে। সবচেয়ে খারাপ অবস্থা হয়েছে হিমাচলপ্রদেশের। এদিন পর্যন্ত সে রাজ্যে মৃতের সংখ্যা ২২। উত্তরাখণ্ডেও জেলায় জেলায় বন্ধ রাস্তা, ঘরবাড়ি জলের তোড়ে ভেসে গিয়েছে বলে জানিয়েছেন সে রাজ্যের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। অন্যদিকে, ওড়িশায় বন্যা পরিস্থিতিতে বিপদে পড়েছেন, ৭৬৩টি গ্রামের প্রায় সাত লক্ষ বাসিন্দা। এদিন পর্যন্ত সে রাজ্যে মৃতের সংখ্যা ৬। সংখ্যাটা আরও বাড়তে পারে বলে রাজ্য প্রশাসনের আশঙ্কা।



"প্রত্যেক ব্যক্তির বাক্স্বাধীনতা রয়েছে। উনি (কাপ্পান) দেখাতে চেয়েছিলেন হাথরসের নির্যাতিতার ন্যায়বিচার প্রয়োজন এবং এই নিয়ে জনমত সংগঠিত করতে চেয়েছিলেন। আইনের চোখে এটা কি অপরাধ?"

**সুপ্রিম কোর্ট**

সব ব্যক্তির বাক্স্বাধীনতা রয়েছে এই যুক্তিতে কেরালার সাংবাদিক সিদ্দিক কাপ্পানকে দু'বছরের মাথায় জামিন দিয়ে

**চিনের হুমকি অগ্রাহ্য করেই তাইওয়ানের** সঙ্গে বাণিজ্য সংক্রান্ত আলোচনা শুরু করল আমেরিকা। কিছুদিন থেকেই তাইওয়ানের জলসীমার মধ্যেই সামরিক মহড়া চালাচ্ছিল চিন। এবার আমেরিকাকে পাশে পেয়ে সক্রিয় হয়ে উঠেছে তাইওয়ান। চিনা মহড়ার জবাবে এদিন সামরিক মহড়া চালিয়েছে তাইওয়ানের সেনাও। সম্প্রতি মার্কিন সংসদের স্পিকার ন্যান্সি পেলোসির তাইওয়ান সফর ঘিরে ক্ষুব্ধ চিন তাইওয়ানের উপর একগুচ্ছ নিষেধাজ্ঞা চাপিয়েছিল। এবার তারই পাল্টা হিসেবে আমেরিকা বাণিজ্য সম্পর্ক বাড়াল তাইওয়ানের সঙ্গে।

**১৯ অগস্ট** আবগারি দুর্নীতির তদন্তে নেমে দিল্লির উপমুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়ার বাসভবনে তল্লাশি চালাল সিবিআই। এর আগে গত মে মাসে আর্থিক দুর্নীতির অভিযোগে দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈনকে গ্রেপ্তার করেছিল ইডি। অন্যদিকে, এদিনই 'নিউইয়র্ক টাইমস'-এ প্রকাশিত একটি প্রতিবেদনে দিল্লি সরকারের স্কুলশিক্ষা মডেলের ভূয়সী প্রশংসা করা হয়েছে। সেই প্রতিবেদন তুলে ধরেই মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল দাবি করেন 'যেদিন দিল্লির শিক্ষা মডেলের প্রশংসা করে মার্কিন মুলুকের সবচেয়ে বড় সংবাদপত্রের প্রথম পাতায় মনীশ সিসোদিয়ার ছবি ছাপা হল, তাঁকে বিশ্বের শ্রেষ্ঠ শিক্ষামন্ত্রী বলা হল সেই দিনই তাঁর বাড়িতে সিবিআই পাঠিয়ে দেওয়া হয়েছে।

**২১ অগস্ট** দেশবাসীর মধ্যে ডিজিটাল লেনদেনের যে প্রবণতা করোনা পরবর্তী অধ্যায়ে কয়েকগুণ বেড়ে গিয়েছে তা বজায় রাখতে ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) ব্যবস্থার উপর কোনওরকম চার্জ বসানো হবে না বলে স্পষ্ট করে দিল কেন্দ্রীয় অর্থমন্ত্রক। ইউপিআই ব্যবস্থার ব্যবহারে সহজেই আর্থিক লেনদেন করা যায় এবং অর্থনীতির পক্ষেও তা লাভদায়ক, এক টুইটবার্তায় তা জানিয়েছে অর্থমন্ত্রক। রিজার্ভ ব্যাঙ্ক ইউপিআই পেমেন্ট ও চার্জ নিয়ে সাধারণের মতামত চাওয়ার পরদিনই কেন্দ্রীয় অর্থমন্ত্রক এই ব্যাখ্যা দিল।

**মস্কোয় ভয়াবহ গাড়িবোমা বিস্ফোরণে** নিহত হলেন ইউক্রেন বিরোধী সাংবাদিক দারিয়া দুগিন। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের অন্যতম মন্ত্রণাদাতা আলেকজান্ডার দুগিন-এর কন্যা তিনি। ইউক্রেনীয়দের একটা বড় অংশের দাবি তাদের বিরুদ্ধে পুতিনের যুদ্ধঘোষণার পিছনে আসল মন্ত্রণাদাতা এই আলেকজান্ডার। বিশেষ সূত্র জানাচ্ছে এই গাড়িবোমা হামলার আসল টার্গেট ছিলেন আলেকজান্ডারই। কারণ যে গাড়িটিতে বিস্ফোরণ হয়েছে তাতে ওঠার কথা ছিল তাঁরই। কিন্তু তাঁর মেয়ে দারিয়া সেই ল্যান্ড ক্রুজার প্রাডো গাড়িটিতে ওঠা মাত্রই তাতে বিস্ফোরণ ঘটে।

**২২ অগস্ট** নিজেদেরই নিযুক্ত করা কমিটি অব অ্যাডমিনিস্ট্রেটর্স বা সিওএ-কে বরখাস্ত করল সুপ্রিম কোর্ট। ফিফার নজরে এই সিওএ-ই ছিল তৃতীয় পক্ষ, যার হস্তক্ষেপ ঘটেছিল এআইএফএফ-এর কাজে। তার ফলেই ভারতীয় ফুটবল সংস্থাকে নির্বাসনে পাঠায় ফিফা। দেশের সর্বোচ্চ আদালত চায় যত দ্রুত সম্ভব উঠে যাক নির্বাসন। ভারতও যাতে মেয়েদের অনূর্ধ্ব ১৭ বিশ্বকাপ আয়োজন করতে পারে। সামনেই যুব বিশ্বকাপও রয়েছে সেজন্যই বিশেষজ্ঞরা মনে করছেন দ্রুত নির্বাসন তুলে নিতে পারে ফিফা।

**নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে কলকাতা-সহ** রাজ্যের পুজো কমিটিগুলির সঙ্গে সমন্বয় বৈঠকে আর্থিক অনুদান-সহ নানা ছাড় বাড়ানোর ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গত দু'বছর এই অনুদান ছিল ৫০ হাজার টাকা। এদিন বৈঠকের পর মুখ্যমন্ত্রী ঘোষণা করেন, পুজো কমিটিকে ৬০ হাজার টাকা করে অনুদান দেওয়া হবে। পুজো অনুদান দিতেই রাজ্য সরকারের খরচ হবে প্রায় ২৪০ কোটি টাকা। পুজো কমিটিরা ছাড় পাবে বিদ্যুতেও। মুখ্যমন্ত্রী জানান, কলকাতা এবং স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডকে অনুরোধ করা হয়েছে, পুজো কমিটিগুলিকে বিদ্যুৎ বিলে যেন ৬০ শতাংশ ছাড় দেওয়া হয়।

**২৩ অগস্ট** পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নতুন সভাপতি হলেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য গৌতম পাল। নিয়োগ-দুর্নীতির মামলায় কলকাতা হাইকোর্ট ওই পদ থেকে মানিক ভট্টাচার্যকে অপসারণ করেছিল। মানিকের স্থলাভিষিক্ত হলেন গৌতম। ২০১১ সাল থেকে মানিকই পর্ষদের সভাপতি ছিলেন অপসারণ না-হওয়া পর্যন্ত। মানিক অপসারিত হওয়ার পর হাইকোর্টের নির্দেশে পর্ষদের সচিব রত্না চক্রবর্তী বাগচি একইসঙ্গে সভাপতির দায়িত্ব পালন করছিলেন।

**হরিয়ানার বিজেপি নেত্রী ও বিগ বস** খ্যাত অভিনেত্রী সোনালি ফোগট (৪২) প্রয়াত হলেন। উত্তর গোয়ায় অঞ্জুনা সৈকতে বেড়াতে গিয়ে আচমকা অসুস্থ হয়ে মৃত্যু হয় তাঁর। হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টার তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন। অভিনয় জীবনের বাইরে বেরিয়ে রাজনীতিতে প্রবেশ করেন।

**২৪ অগস্ট** গোরু পাচার মামলায় আসানসোলের বিশেষ সিবিআই আদালতে অনুব্রত মণ্ডলের তৃতীয়বারের হাজিরাতেও জামিনের আবেদন খারিজ হয়ে গেল। অনুব্রতর আইনজীবীদের যুক্তি জামিনের আর্জির পক্ষে যথেষ্ট বলে মনে করেননি সিবিআইয়ের বিশেষ আদালতের বিচারক রাজেশ চক্রবর্তী। ১৪ দিনের জন্য তাঁকে জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছে আদালত। এদিন বিকেল থেকেই দোর্দণ্ডপ্রতাপ নেতার ঠাঁই হয়েছে আসানসোলের বিশেষ সংশোধনাগারে। এদিন গোরু পাচার মামলায় অনুব্রতর জামিন খারিজ প্রভাবশালী তত্ত্ব এবং বৃহত্তর ষড়যন্ত্রের যুক্তিই তুলে ধরেছে।

**২৫ অগস্ট** রাষ্ট্রপুঞ্জে প্রথমবার ইউক্রেন নিয়ে ভোটাভুটিতে রাশিয়ার বিরুদ্ধে ভোট দিল ভারত। ইউক্রেনীয় প্রেসিডেন্টকে টেলি-কনফারেন্সে বক্তব্য রাখতে দেওয়ার ব্যাপারে আপত্তি তুলেছিল রাশিয়া। রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের ১৫ সদস্যের মধ্যে ভারত-সহ ১৩ সদস্য ভলোদিমির জেলেনস্কিকে বলতে দেওয়ার পক্ষে ভোট দিয়েছে। বিপক্ষে ভোট শুধু রাশিয়ার। ভোট দানে বিরত থেকেছে রাশিয়ার বন্ধু-রাষ্ট্র চিন। এর আগে ইউক্রেন-রাশিয়া যুদ্ধ শুরুর পর থেকে রাষ্ট্রপুঞ্জে রাশিয়া বিরোধী যত প্রস্তাব পেশ হয়েছে তাতে ভোট দানে বিরত থেকেছে ভারত।

## সোমালিয়ায় ২৬/১১-র কায়দায় জঙ্গি হানা




**২০ অগস্ট:** ২৬/১১ মুম্বই হামলার কায়দায় হোটেল কব্জা করে জঙ্গি হানা হল সোমালিয়ায়। রাজধানী মোগাদিশুর অন্যতম বিলাসবহুল হোটেল হায়াত দখল করে হামলা চালাল আল কায়দার শাখা সংগঠন আল শাবাব জঙ্গি গোষ্ঠীর সদস্যরা। নিরাপত্তাবাহিনীর সদস্য-সহ অন্তত ২০ জনের মৃত্যুর খবর মিলেছে হায়াতের ধ্বংসলীলায়। নিহতের তালিকায় রয়েছে শিশুরাও। সংঘর্ষে নিহত হয়েছেন মোগাদিশুর গোয়েন্দা প্রধানও। তবে নিহতদের বেশিরভাগই সাধারণ নাগরিক বলে জানিয়েছেন সোমালিয়া পুলিশের মেজর হাসান দাহির।

## অনূর্ধ্ব ২০ কুস্তি বিশ্ব মিটে সোনা ভারতের



**২০ অগস্ট:** বুলগেরিয়ার সোফিয়ায় যুব কুস্তি বিশ্ব চ্যাম্পিয়নশিপে সোনা জিতে নজির গড়লেন অন্তিম পাঙ্ঘাল। অনূর্ধ্ব ২০ কুস্তি বিশ্ব মিটে এর আগে কোনও ভারতীয় মেয়ে সোনা জেতেননি। মেয়েদের ৫৩ কেজি বিভাগের ফাইনালে কাজাখস্তানের অ্যাটলিন সাগায়েভাকে ৮-০ হারালেন অন্তিম। হরিয়ানার ১৭ বছর বয়সি অন্তিম এই বিশ্ব মিটের প্রতিটা বাউটই জিতেছেন বড় ব্যবধানে।

## প্রয়াত বদ্রু বন্দ্যোপাধ্যায়



**২০ অগস্ট:** ফুটবলে জাতীয় দলের প্রাক্তন অধিনায়ক বদ্রু (সমর) বন্দ্যোপাধ্যায় (৯২) প্রয়াত হলেন। ১৯৫৬ মেলবোর্ন অলিম্পিকে ভারতীয় ফুটবল দলের অধিনায়ক ছিলেন তিনি। অলিম্পিকে তাঁর নেতৃত্বে অস্ট্রেলিয়াকে ৪-২ হারিয়েছিল ভারত। অলিম্পিকে ভারতীয় ফুটবল দলের অন্যতম সেরা পারফরম্যান্স ছিল সেটাই। ক্লাব ফুটবলে তিনি ছিলেন মোহনবাগানের অন্যতম সেরা রত্ন। সবুজ-মেরুন জার্সিতে করেছেন ৭৮ গোল। ১৯৫২ থেকে ১৯৬০ পর্যন্ত টানা ৯ বছর খেলেছেন বাগানে। ফাইনালে জোড়া গোল করে ১৯৫৩ সালে মোহনবাগানকে প্রথম ডুরান্ড জয়ের লক্ষ্যে পৌঁছে দিয়েছিলেন তিনি।

## জিম্বাবোয়েতে সিরিজ জয় ভারতের



**২০ অগস্ট:** জিম্বাবোয়ে সফরে গিয়ে পরপর দু'টি একদিনের ম্যাচে জয় পেতেই তিন ম্যাচের সিরিজে জয় নিশ্চিত করে ফেলল ভারত। এদিন হারারেতে সিরিজের দ্বিতীয় ম্যাচে ভারত ৫ উইকেটে জয় তুলে নেয়। জিম্বাবোয়ে প্রথমে ব্যাট করে ৩৮.১ ওভারে ১৬১ রান করে। জবাবে ভারত টি-টোয়েন্টির মেজাজে ব্যাট করে ২৫.৪ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৬৭ রানে পৌঁছে যায়। সঞ্জু স্যামসন ৩৯ বলে ৪৩ নটআউটের প্রয়োজনীয় ইনিংস এবং তিনটি ক্যাচ ধরে ম্যাচের সেরার পুরস্কার পেলেন।

# ওয়েস্টার্ন ন্যাভাল কমান্ডে চাকরি

সিভিলিয়ান মোটর ড্রাইভার, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট এবং স্টাফ নার্স পদে ৪৯ জনকে নেবে ওয়েস্টার্ন ন্যাভাল কমান্ড হেডকোয়ার্টার্স। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ও 'সি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 02/2022.

**শূন্যপদের বিবরণ: সিভিলিয়ান মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড):** ৪০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিকাল ও মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং হেভি মোটর ভেহিকাল চালানোর অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি ফার্স্ট লাইন মেইন্টেন্যান্স বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট:** ৬টি (সাধারণ ৪, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরি সায়েন্স বা লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে ব্যাচেলর্স ডিগ্রি, সঙ্গে কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**স্টাফ নার্স:** ৩টি (সাধারণ ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কোনও স্বীকৃত হাসপাতালে নার্স হিসেবে ট্রেনিংয়ের সার্টিফিকেট থাকতে হবে এবং মেডিক্যাল অ্যান্ড সার্জিক্যাল নার্সিং ও মিডওয়াইফারি প্রশিক্ষণপ্রাপ্ত নার্স হিসেবে নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। হিন্দি বা স্থানীয় ভাষায় দক্ষ হতে হবে। বয়স: ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল এবিলিটি/লজিক্যাল রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস এবং সংশ্লিষ্ট বিষয়ে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান একটি এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো (নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা)। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোর উপর সই করে দেবেন। অন্য ২টি ফটোর পিছনে সই করে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা জন্ম শংসাপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল (থাকলে)।
- ✓ প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের নকল।
- ✓ সরকারি কর্মচারীদের ক্ষেত্রে নো-অবজেকশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ৪৫ টাকার ডাকটিকিট সাঁটানো ২৩×১৩ সেমি মাপের একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: APPLICATION FOR THE POST OF STAFF NURSE/LIBRARY & INFORMATION ASSISTANT/CIVILIAN MOTOR DRIVER (ORDINARY GRADE) and CATEGORY__________ (UR/SC/ST/OBC/EWS/ESM).

দরখাস্ত ৩০ সেপ্টেম্বরের মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Flag Officer Commanding-in-Chief (for CCPO), Headquarters, Western Naval Command, Ballard Estate, Near Tiger Gate, Mumbai-400001.

*দরখাস্তের বয়ান আগামী সংখ্যায়*

# স্টেট ব্যাঙ্কে ৬৪৬ স্পেশ্যালিস্ট অফিসার

বিভিন্ন শাখায় ওয়েলথ ম্যানেজমেন্ট বিজনেস ইউনিটে ৬৪৬ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO-WEALTH/2022-23/14.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: রিলেশনশিপ ম্যানেজার:** শূন্যপদ ৩৩৫টি (সাধারণ ১৩৬, তফসিলি জাতি ৫৫, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৮৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩৩)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৪টি করে এবং চলাচলে অক্ষম প্রার্থী, 'ডি' ও 'ই' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৩টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**ইনভেস্টমেন্ট অফিসার:** শূন্যপদ ৫২টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে এন আই এস এম বা সি ডব্লু এম সার্টিফিকেট থাকতে হবে। সি এ বা সি এফ পি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার:** শূন্যপদ ১৪৭টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ২টি করে এবং চলাচলে অক্ষম প্রার্থী ও

*এরপর আটের পাতায়*

SBI

ভারতীয় স্টেট ব্যাঙ্ক

কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর, কর্পোরেট সেন্টার, মুম্বাই

ফোন: 022-22820427; ফ্যাক্স: 022-22820411

**স্থায়ী এবং চুক্তিভিত্তিক বিশেষজ্ঞ ক্যাডার-এ অফিসার নিয়োগ**

স্থায়ী এবং চুক্তির ভিত্তিতে নিম্নলিখিত পদগুলির জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে:

| ক্রমিক নম্বর | পদ | শূন্যপদ |
|---|---|---|
| | বিজ্ঞাপন নম্বর CRPD/SCO/2022-23/13 | |
| 1 | অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (.নেট ডেভেলপার) | 5 |
| 2 | ডেপুটি ম্যানেজার (.নেট ডেভেলপার) | 4 |
| 3 | অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জাভা ডেভেলপার) | 4 |
| 4 | ডেপুটি ম্যানেজার (জাভা ডেভেলপার) | 4 |
| 5 | ডেপুটি ম্যানেজার (এআই / এমএল ডেভেলপার) | 1 |
| 6 | অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (উইন্ডোজ অ্যাডমিনিস্ট্রেটর) | 2 |
| 7 | অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (লিনাক্স অ্যাডমিনিস্ট্রেটর) | 2 |
| 8 | ডেপুটি ম্যানেজার (ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটর) | 1 |
| 9 | ডেপুটি ম্যানেজার (অ্যাপ্লিকেশন সার্ভার অ্যাডমিনিস্ট্রেটর) | 1 |
| 10 | ডেপুটি ম্যানেজার (অটোমেশন টেস্ট ইঞ্জিনিয়ার) | 1 |
| 11 | সিনিয়র স্পেশাল এক্সিকিউটিভ (ইনফ্রাস্ট্রাকচার অপারেশন) | 1 |
| 12 | সিনিয়র স্পেশাল এক্সিকিউটিভ (ডেভ অপস) | 1 |
| 13 | সিনিয়র স্পেশাল এক্সিকিউটিভ ও ক্লাউড নেটিভ ইঞ্জিনিয়ার | 1 |
| 14 | সিনিয়র স্পেশাল এক্সিকিউটিভ (এমারজিং টেকনোলজি) | 1 |
| 15 | সিনিয়র স্পেশাল এক্সিকিউটিভ (মাইক্রোসার্ভিসেস ডেভেলপার) | 1 |
| | বিজ্ঞাপন নম্বর CRPD/SCO-WEALTH/2022-23/14 | |
| 16 | ম্যানেজার (বিজনেস প্রসেস) | 1 |
| 17 | সেন্ট্রাল অপারেশন টিম-সাপর্ট | 2 |
| 18 | ম্যানেজার (বিজনেস ডেভলপমেন্ট) | 2 |
| 19 | প্রজেক্ট ডেভলপমেন্ট ম্যানেজার (বিজনেস) | 2 |
| 20 | রিলেশনশিপ ম্যানেজার | 335 |
| 21 | ইনভেস্টমেন্ট অফিসার | 52 |
| 22 | সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার | 147 |
| 23 | রিলেশনশিপ ম্যানেজার (টিম লিড) | 37 |
| 24 | রিজিওনাল হেড | 12 |
| 25 | কাস্টমার রিলেশনশিপ এক্সিকিউটিভ | 75 |
| | বিজ্ঞাপন নম্বর CRPD/SCO/2022-23/16 | |
| 26 | ম্যানেজার (ডেটা সায়েন্টিস্ট) | 11 |
| 27 | ডেপুটি ম্যানেজার (ডেটা সায়েন্টিস্ট) | 5 |
| 28 | সিস্টেম অফিসার | 3 |

**স্থায়ী পদ: ক্রমিক নম্বর 1 থেকে 10 এবং ক্রমিক নম্বর 26 থেকে 28**

**চুক্তিভিত্তিক পদ: ক্রমিক নম্বর 11 থেকে 25**

যোগ্যতার মানদণ্ড (বয়স, অভিজ্ঞতা, কাজের পরিধি ইত্যাদি), শূন্য পদের বিবরণ, প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিশদ বিবরণের জন্য ব্যাঙ্কের ওয়েবসাইট https://bank.sbi/web/careers-এ লগ ইন করুন। অনলাইনে আবেদন জমা দেওয়ার পাশাপাশি আবেদনের অনলাইন অর্থপ্রদানের লিঙ্ক সহ ফি পাঠানোর আগে বিশদে বিজ্ঞাপন পড়ে যোগ্যতা এবং অন্যান্য বিবরণ নিশ্চিত করে নিন। বিশদে জানার জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক (https://bank.sbi/web/careers/post-your-query)-এ গিয়ে **"CONTACT US" —> "Post Your Query"**-তে লিখে জানান।

**অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 31.08.2022 থেকে 20.09.2022 পর্যন্ত।**

**স্থান:** মুম্বাই
**তারিখ:** 31.08.2022

**মহাপ্রবন্ধক**

# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে সার্টিফিকেট কোর্স

বেসিক কম্পিউটার প্রোগ্রামিং অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স এবং এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্টের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর কন্টিনিউয়িং অ্যান্ড অ্যাডাল্ট এডুকেশন। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

**কোর্সের বিবরণ: বেসিক কম্পিউটার প্রোগ্রামিং অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** আসনসংখ্যা ৮০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স ফি: ৬,০০০ টাকা। **এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট:** আসনসংখ্যা- ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ ২ মাস। কোর্স ফি: ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৩,০০০ টাকা, শিক্ষক-শিক্ষিকাদের ক্ষেত্রে ৫,০০০ টাকা, পি এইচ ডি ও পোস্ট-ডক্টরাল ডিগ্রি প্রাপ্তদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৪,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in

আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। আবেদনের সময় কোর্স ফি-ও জমা দিতে হবে। ফি জমা দিতে হবে এই ব্যাঙ্ক অ্যাকাউন্টে: Account Number. 17480110077832, UCO Bank, Vidyasagar University Branch, IFSC: UCBA0001748, Swift Code. UCBAINBB102, Beneficiary Name. Vidyasagar University, CCAE. ফি দিয়ে পাওয়া পেমেন্ট রিসিপ্টটি স্ক্যান করে রাখবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Centre for Continuing & Adult Education, 1st Floor, Pandit Ravi Sankar Bhavan, Gate No. 1, Vidyasagar University, Pin-721102. অথবা পূরণ করা আবেদনপত্র ও ফি জমা দেওয়ার নথি স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: ccaeoffice@mail.vidyasagar.ac.in আবেদনের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৩৭৩৮৬১৭০৭।

DOON GROUP
OF COLLEGES DEHRADUN

Affiliated To HNB Garhwal (Central) University (NAAC A), SDS University

(ISO 9001:2015 CERTIFIED GROUP)

23 YEARS OF ACADEMIC EXCELLENCE

Awarded the Best Academic Excellence by Hon. MHRD Minister

Awarded the Best Agriculture College by Hon. Agriculture Minister (UK)



Take Your DREAMS To The NEXT LEVEL

North India's Best & Oldest Agriculture & Paramedical Institute

ADMISSION OPEN SESSION 2022-23

COURSES OFFERED

B.Sc. AGRICULTURE (Hons), B.Sc. HORTICULTURE (Hons)
B.Sc. FORESTRY (Hons), PARAMEDICAL, FISHERIES SCIENCE
FORESTRY, FOOD TECHNOLOGY, PHYSIOTHERAPY
MEDICAL LAB TECHNOLOGY (MLT), AGRONOMY
MEDICAL MICROBIOLOGY, BIOTECHNOLOGY (CBZ), B.LIB.
BBA, BCA, BHM, MPT (ORTHO / NEURO), BIOCHEMISTRY
PHARMA CHEMISTRY, CHEMISTRY, ZOOLOGY, BOTANY
MICROBIOLOGY, MA EDUCATION, MASS COMMUNICATION
ENVIRONMENTAL SCIENCE, MBA (IB)

FOR SPOT ADMISSION AT WEST BENGAL OFFICE
ORBITZ CONSULTANCY: B-7/37(S) CENTRAL PARK, KALYANI, INDIA
Call: 7890006651, 9830489892

Please Contact Our Local Authorized Admission Coordinator
Mr. Deepjoy Patari & Mr. Sanjay Bhowmik
Sagarjyoli Apartment, V.I.P Road Raghunathpur, Bus Stand, Block-C,
Flat No. 3C, Kolkata (West Bengal), Call: 8837047054, 8974579585, 9774078503

• Excellent Placement Records • 20000+ Students Pass Out

Scholarship For Meritorious Students

Admission Helpline:
+91-9548001418, +91-9548059985, +91- 9027020049
+91-9027024440, +91-9997732333, +91- 9837008360

for more information visit:
www.dpmc.in

# সরকারি প্রতিষ্ঠানে ১৩৮ স্বাস্থ্যকর্মী

*প্রথম পাতার পর*

PGI/RC/029/2022/1640.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড SAG-III/095: স্যানিটারি অ্যাটেন্ড্যান্ট গ্রেড-থ্রি:** ৯৩টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৯, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে দক্ষ হতে হবে। পাশাপাশি, কোনও হস্টেলে অথবা সিভিল বা মিলিটারি হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**পোস্ট কোড TECH(L)/150: টেকনিশিয়ান গ্রেড-১ (লন্ড্রি):** ১৮টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**পোস্ট কোড STENO/041: স্টেনোগ্রাফার:** ৩টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে ইংরেজি বা হিন্দিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দে লেখার ক্ষমতা এবং সেটিকে কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**পোস্ট কোড MSW/092: মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কার গ্রেড-টু:** ৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ২,আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** সোশ্যাল ওয়ার্ক বা অ্যাপ্লায়েড সোশিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। চিকিৎসা বা জনস্বাস্থ্য সেবা-সংক্রান্ত বিষয়ে কোনও সংস্থায় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সাইকিয়াট্রিক চিকিৎসা সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**পোস্ট কোড OTH/091: অকুপেশনাল থেরাপিস্ট:** ৪টি (সাধারণ ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** অকুপেশনাল থেরাপিতে বি এসসি। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**পোস্ট কোড PHYSIO/085: ফিজিওথেরাপিস্ট:** ৪টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। ফিজিওথেরাপিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ফিজিওথেরাপি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি পড়ে থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা।

**পোস্ট কোড PHRM/059: ফার্মাসিস্ট গ্রেড-টু:** ৫টি (সাধারণ ৪,ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ফার্মাসিতে ডিপ্লোমা। ফার্মাসি কাউন্সিলে ফার্মাসিস্ট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। ফার্মাসিতে ডিগ্রি ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

সব ক্ষেত্রেই ২২-৯-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in দরখাস্তের শেষ তারিখ ২২ সেপ্টেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ৫০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে), বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি নথি প্রত্যয়িত বা স্বপ্রত্যয়িত হতে হবে) আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ৫১

*প্রথম পাতার পর*

অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে পি এইচ ডি। স্নাতকোত্তর স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে ইউ জি সি তালিকাভুক্ত জার্নালে প্রকাশিত অন্তত ৭টি রিসার্চ পাবলিকেশন-সহ ৭৫ রিসার্চ স্কোর করে থাকতে হবে। পাশাপাশি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবে ৮ বছরের পড়ানোর বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইউ জি সি বা সি এস আই আর নেট (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট) অথবা সেট (স্টেট এলিজিবিলিটি টেস্ট) পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা নির্দিষ্ট কিছু সমীক্ষা অনুসারে বিশ্বের ক্রমতালিকায় থাকা প্রথম ৫০০টি বিশ্ববিদ্যালয় থেকে পি এইচ ডি ডিগ্রি অর্জন করে থাকতে হবে।

সব ক্ষেত্রেই নিয়মানুসারে প্রার্থীরা নম্বরে ছাড় পাবেন।

বয়স: ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৪,২০০-২,১৮,২০০ টাকা। অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩১,৪০০-২,১৭,১০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫৭,৭০০-১,৮২,৪০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in পূরণ করবেন যথাযথভাবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় এন ই এফ টি পদ্ধতিতে ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 10212631227 (IFSC SBIN0002033, Branch: Burdwan University, Beneficiary Name: The University of Burdwan). ফি জমা দেওয়ার পর 'ফি পেমেন্ট রিসিপ্ট' নিয়ে নেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত সরাসরি বা সাধারণ ডাক বা ক্যুরিয়ারের মাধ্যমে ১৮ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Office of the Registrar, The University of Burdwan, Golden Jubilee Building, Nurse Quarter More, Purba Bardhaman-713104, West Bengal, India.

এর পাশাপাশি প্রয়োজনীয় নথিপত্রের স্ক্যান কপি-সহ দরখাস্ত স্ক্যান করে ই-মেল করতে হবে সংশ্লিষ্ট বিভাগের নির্দিষ্ট ই-মেল আই ডি-তে। ই-মেল আই ডি-র তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্টেট ব্যাঙ্কে ৫০০৮ জুনিয়র অ্যাসোসিয়েট

*প্রথম পাতার পর*

সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**জম্মু ও কাশ্মীর (উর্দু ও হিন্দি):** ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**হিমাচল প্রদেশ (হিন্দি):** ৫৫টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**হরিয়ানা (হিন্দি ও পাঞ্জাবি):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**পাঞ্জাব (হিন্দি ও পাঞ্জাবি):** ১৩০টি (সাধারণ ৫২, তফসিলি জাতি ৩৮, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**দিল্লি (হিন্দি):** ৩২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**উত্তরাখণ্ড (হিন্দি):** ১২০টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**জয়পুর-রাজস্থান(হিন্দি):** ২৮৪টি (সাধারণ ১১৪, তফসিলি জাতি ৪৮, তফসিলি উপজাতি ৩৭, ও বি সি ৫৭, আর্থিক ভাবে অনগ্রসর ২৮)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। এছাড়া শূন্যপদের পূর্ব-তালিকা অনুসারে আরও ৩৯টি (তফসিলি উপজাতি ৯, দৈহিক প্রতিবন্ধী ১৫, দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মী ১৫) শূন্যপদে নিয়োগ করা হবে।

**উত্তরপ্রদেশ-লখনউ ও দিল্লি (হিন্দি ও উর্দু):** ৬৩১টি (সাধারণ ২৫৮, তফসিলি জাতি ১৩৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৭০, আর্থিক ভাবে অনগ্রসর ৬৩)। এর মধ্যে ২৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৬৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অসম (বাংলা, অসমিয়া ও বোড়ো):** ২৫৮টি (সাধারণ ১১৪, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৩১, ও বি সি ৭০, আর্থিক ভাবে অনগ্রসর ২৫)। এর মধ্যে ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অরুণাচল প্রদেশ (ইংলিশ):** ১৫টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**মেঘালয় (ইংলিশ, গারো ও খাসি):** ২৩টি (সাধারণ ১০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**নাগাল্যান্ড (ইংলিশ):** ১৫টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ত্রিপুরা (বাংলা ও কোকবরক):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

দৃষ্টি ও শ্রবণ-সংক্রান্ত প্রতিবন্ধী, চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী, 'ডি' এবং 'ই' ক্যাটেগরিভুক্ত দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা সংরক্ষিত শূন্যপদে আবেদন করতে পারেন।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীদের ক্ষেত্রে ৩০-১১-২০২২ তারিখের আগে পাশ করে ও সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

বয়স: ১-৮-২০২২ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে ৭ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৭,৯০০-৪৭,৯২০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা ও ভাষাগত দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৪) পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী ও শিলিগুড়ি। প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে নভেম্বরে। মেন পরীক্ষা ডিসেম্বর-জানুয়ারি নাগাদ।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ (৪০ নম্বর), জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট।

উভয় পদের ক্ষেত্রেই তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং সংখ্যালঘু প্রার্থীদের পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হতে পারে দেশজুড়ে ব্যাঙ্কের বিভিন্ন কেন্দ্রে। তবে প্রশিক্ষণের খরচ দিতে হবে প্রার্থীকেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://www.sbi.co.in/careers, https://bank.sbi/careers প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ সেপ্টেম্বর।

প্রথমে উপরোক্ত ওয়েবসাইটে গিয়ে দরখাস্তের ফর্ম অনলাইনে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে, হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা), কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে প্রার্থীর নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরে ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ২২৮২-০৪২৭।

# ভারত ইলেক্ট্রনিক্সে ১০০

## ট্রেনি ইঞ্জিনিয়ার, প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল— যে-কোনও একটিতে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। সেই সঙ্গে সফটওয়্যার-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট ৪০,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা।

উভয় ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের পাশ নম্বর থাকলেই চলবে।

১-৯-২০২২ তারিখে প্রার্থীর নির্ধারিত বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৮৫ নম্বর) ও ইন্টারভিউয়ের (১৫ নম্বর) মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bel-india.in পূরণ করবেন যথাযথ ভাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

অনলাইন পদ্ধতিতে এস বি আই কালেক্টের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ট্রেনি ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ১৫০ টাকা ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ৪০০ টাকা। উভয় ক্ষেত্রেই অতিরিক্ত জি এস টি দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। ফি জমা দেওয়ার পর পেমেন্ট রিসিপ্ট নিয়ে নেবেন। দেখে নেবেন তাতে 'এস বি আই কালেক্ট রেফারেন্স নম্বর' আছে কি না।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রযোজ্য ক্ষেত্রে পেমেন্ট রিসিপ্ট।
- ✓জন্মতারিখের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের নকল।
- ✓প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।
- ✓কেবল প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে অভিজ্ঞতার খুঁটিনাটি তথ্য-সহ আলাদা একটি লেখা।
- ✓কর্মরতদের ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট'।
- ✓তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রয়োজনীয় নথিপত্র।
- ✓আধার কার্ড বা ভোটার কার্ড বা ড্রাইভিং লাইসেন্স বা অন্য কোনও সচিত্র পরিচয়পত্রের নকল।

২৩ সেপ্টেম্বরের মধ্যে সাধারণ ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Manager (HR/ES&SW), Bharat Electronics Limited, Jalahalli Post, Bengaluru – 560013.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# কাজ করতে করতেও শেখা যেন বন্ধ না হয়



**রূপা ব্যানার্জি**
হেড-সেলস
এস এইচ ভি এনার্জি, (বহুজাতিক তেল ও গ্যাস ইন্ডাস্ট্রি)
প্রাক্তন জেনারেল ম্যানেজার, রিটেল, ভোডাফোন
প্রাক্তন অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, হিন্দুজা
প্রাক্তন অ্যাকাউন্ট ম্যানেজার, ডেল

করোনা-পরবর্তী সময়ে রিমোট ওয়ার্কিং বা অফিসে হাজির না হয়ে দূর থেকে কাজের বিরাট পরিসর তৈরি হয়েছে।আমার পরিচিত অভিজ্ঞ লোকজনকে দেখছি রিমোট ওয়ার্ক করতে, আবার ছাত্রছাত্রীরাও পড়াশোনার পাশাপাশি এই ভাবে অনেক কাজ করছে। ডকুমেন্টেশন, আপগ্রেডেশন, ভয়েস ওভার, ট্রান্সক্রিপশনের মতো কাজ করার প্রচুর সুযোগ আছে। চাকরির ওয়েবসাইটে গিয়ে চাকরির জন্য 'রিমোট ওয়ার্ক' খুঁজলে তার অপশন দেখাবে। সেখানে নিজের যোগ্যতা অনুযায়ী কাজ খুঁজে নিয়ে আবেদন করতে পারো।

দশ বছর আগে যেসব কাজকে পেশা হিসেবে যোগ্য বলেই মনে করা হত না, সে সবই এখন প্রচুর মানুষের আয়ের উৎস হয়ে দাঁড়িয়েছে। অনেকেই ডিজিটাল প্ল্যাটফর্মকে সঠিক ভাবে কাজে লাগিয়ে নিজেদের দক্ষতা ও প্যাশন অনুযায়ী আয়ের রাস্তা তৈরি করে নিচ্ছেন।

অফিসে গিয়ে চাকরি করবে যদি ভাবো, তাহলে সবার আগে বাড়ির কাছে থাকব, এই ভাবনাটা বদলে ফেলতে হবে। আমি চাকরি শুরু করার দু'বছরের মধ্যে দিল্লিতে চলে যাই। আমার পরিবারে এর আগে কেউ বাইরে গিয়ে কাজ করেনি। তার উপর মেয়ে হিসেবে রক্ষণশীলতার বাধা তো ছিলই। বাবা-মা পাশে ছিলেন বলে বাধা ডিঙনো অনেকটাই সহজ হয়েছিল। তবে একই সঙ্গে নিজের সবল ব্যক্তিত্ব তৈরি করাও জরুরি। তাহলেই, ঝড়ঝাপটা যা-ই আসুক ঠিক পেরিয়ে যাব, এরকম একটা পজিটিভ দৃষ্টিভঙ্গি নিজের মধ্যেও গড়ে উঠবে। ইতিমধ্যে দেশের ছ'টি শহরে কাজ করা হয়ে গেল আমার।

আর-একটা বিষয়ও খুব জরুরি, সেটা হল দক্ষতা বা স্কিল। যে-কাজটা তুমি করবে বলে ভেবেছ সেটার জন্য নিজেকে ঘষেমেজে তৈরি করে নিতে হবে। যারা খুব মন দিয়ে পড়াশোনা করেছেন তারা হয়তো ডাক্তার, ইঞ্জিনিয়ার, বিজ্ঞানী হয়ে কাজ করছেন। তা বলে যারা স্কুলে পড়াশোনার সময় মনোনিবেশ করতে পারোনি,



জীবনপথে তারা পিছিয়ে পড়বে, এমনটাও ঠিক নয়। তাদের কাছেও অনেক সুযোগ আসবে। যদি কেউ নিজের স্কিল বা যোগ্যতার দিকগুলোতেই জোর দেয়, সেও কিন্তু অনেক সাফল্য পাবে।

## আগে থেকেই প্রস্তুতি নাও

কলেজের পড়াশোনা শেষ করে আমরা ভাবতে শুরু করি, চাকরি করতে হবে এবার। তারপরে কী করবে, না করবে তাই নিয়ে সমস্যা, বাড়িতে মা-বাবার সঙ্গে মতভেদ ইত্যাদি শুরু হয়ে যায়। তবে স্কুলজীবনেই যদি লক্ষ্যটা তৈরি করা যায়, তাহলে এই সমস্যাগুলো আগে থেকেই মিটিয়ে তৈরি থাকা যায়। তখন ঠিক সুযোগটি ঠিক সময়ে পেয়ে এগিয়ে যাওয়া সম্ভব হয়।

## চাকরি অনুযায়ী যোগ্যতা

ধরা যাক, একটা চাকরির জন্য চাওয়া হয়েছে 'ভেরি গুড কমিউনিকেশন স্কিল, রেগুলার মার্কেট ভিজিট অ্যান্ড ডুয়িং সার্ভে ইন দ্য মার্কেট'।

প্রার্থী হিসেবে বুঝতে হবে যে সংস্থা ঠিক কী চাইছে। যখন সার্ভেও বলছে, কমিউনিকেশন স্কিলও বলছে, তার মানে মার্কেটে গিয়ে দোকান এবং ক্রেতার সঙ্গে কথা বলতে হবে। ফলে ইন্টারভিউয়ের সময় ইন্টারভিউয়ার জানতে চাইবেন প্রার্থীর লোকজনের সঙ্গে কথা বলা, লোক জড়ো করে কিছু বোঝানোর অভিজ্ঞতা আছে কি না। সেক্ষেত্রে কাজের অভিজ্ঞতা না থাকলেও স্কুল-কলেজ-পাড়ার ক্লাবে অনুষ্ঠান আয়োজনের অভিজ্ঞতার কথা বললেও কাজে দেবে।

## শেখার মধ্য দিয়েই উন্নতি

আমি সাধারণ কমার্স গ্র্যাজুয়েট। কিন্তু কাজ করতে করতেই একের পর এক ডিগ্রি অর্জন করেছি। সেই শেখা কাজে লাগিয়ে প্রত্যেক সংস্থার পুরস্কার পেয়েছি। আমার বাবা ছোটবেলায় বলেছিলেন, জীবনে যত পারবে শংসাপত্র সংগ্রহ করবে। তখন বুঝিনি, এখন জানি, এই সার্টিফিকেটগুলো কত দামি এবং দীর্ঘকালীন মেয়াদে কর্মক্ষেত্রে কতটা এগিয়ে দিতে পারে।

আমি বাড়ি ছেড়ে কোনওদিন কোথাও থাকিনি। বাইরে চাকরি করা নিয়ে বাড়িসুদ্ধ সবাই তাই এক সময় দ্বিধায় ছিলেন। কিন্তু আমি যখন পর পর সাফল্য পেতে শুরু করি তখন থেকে জীবনটাই বদলে গেল। তবে এই বদল আনার পিছনে কঠোর পরিশ্রম, বাড়ির আরাম ছেড়ে বেরনোর মনের জোর কাজ করেছে।

কাজের পাশাপাশি কিছু না কিছু পড়তে থাকো, তাহলে তোমার অগ্রগতি কেউ থামাতে পারবে না। আমি যখন যে-সংস্থায় যে-কাজ করেছি তাই নিয়ে আবার কোর্স করেছি। আমি একজন সাধারণ স্নাতক হয়ে যদি পারি, তুমিও পারবে।

**REQUIRED**

**RISHABH MICRO PRECISION COMPOMENTS (P) LTD.**
**Silvassa Dadara & Nagar Haveli**

- **CNC & VMC Operators (Male) - 07 Post**
  Jr. Engineer - Diploma / ITI (Turner or Machinist)
- **Cylindrical CNC Grinders (Male) - 03 Post**
  Jr. Engineer - Diploma / ITI (Turner or Machinist)
- **Lathe Operators (Male) - 02 Post**
  ITI (Turner) Tool room work

All post required minimum experience of 3 to 4 years in precision industry.

Please apply on given
email ID : rishabhmicropcpl@yahoo.co.in
Mob. 9922371394, 9328958627



KARMAKSHETRA Vol 43 No. 8 Kolkata Wednesday 14 SEPTEMBER 2022 /8 Member, INDIAN NEWSPAPER SOCIETY RNI No. 37120/80

# ইন্ডিয়ান কাউন্সিল অব ফরেস্ট্রি রিসার্চে সায়েন্টিস্ট 'বি'

বিভিন্ন বিভাগে ৪৪ জন সায়েন্টিস্ট 'বি' নেবে ইন্ডিয়ান কাউন্সিল অব ফরেস্ট্রি রিসার্চ অ্যান্ড এডুকেশন। এটি কেন্দ্রের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DSB/ICFRE-2022.

**বিভাগ অনুসারে শূন্যপদ:** বায়োটেকনোলজি: ৪টি। বটানি: ৪টি। সেলুলোজ অ্যান্ড পেপার: ১টি। কেমিস্ট্রি: ৫টি। ফরেস্ট ইকোলজি: ২টি। এন্টোমোলজি: ২টি। এনভায়রনমেন্টাল সায়েন্স: ২টি। ফরেস্ট্রি: ৫টি। জেনেটিক্স: ৪টি। ইনফর্মেশন টেকনোলজি: ২টি। প্যাথোলজি: ১টি। সয়েল সায়েন্স: ২টি। উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি: ১০টি।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ১০। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১৫-১০-২০২২ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার কেন্দ্রগুলি হল: বেঙ্গালুরু, কোয়েম্বাটোর, দেরাদুন, গুয়াহাটি, হায়দরাবাদ, জবলপুর, যোধপুর, রাঁচি, সিমলা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://icfre.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ অক্টোবর।

ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ও আবেদনের প্রক্রিয়া-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্টেট ব্যাঙ্কে ৬৪৬ স্পেশ্যালিস্ট অফিসার

*পাঁচের পাতার পর*

'ডি' ও 'ই' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৬ বছরের বেশি সময়ের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৬ থেকে ৩৮ বছরের মধ্যে হতে হবে।

**রিলেশনশিপ ম্যানেজার (টিম লিড):** শূন্যপদ ৩৭টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**কাস্টোমার রিলেশনশিপ এক্সিকিউটিভ:** শূন্যপদ ৭৫টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে দৃষ্টি, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও চলাচলে অক্ষম প্রার্থীর জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে দু'চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** প্রার্থীর সঙ্গে আলোচনার ভিত্তিতে নির্ধারিত হবে।

বয়সের ক্ষেত্রে তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ভিডিও বা টেলিফোনের মাধ্যমেও ইন্টারভিউ নেওয়া হতে পারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, www.sbi.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) এবং জীবনপঞ্জি, সচিত্র পরিচয়পত্র, জন্মতারিখের প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যাবতীয় নথিপত্র, সাম্প্রতিক স্যালারি স্লিপ, প্রযোজ্য ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট' আপলোড করতে হবে (পি ডি এফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## র‍্যালির মাধ্যমে

# ভারতীয় সেনায় অগ্নিবীর

## র‍্যালি ২২ সেপ্টেম্বর, উত্তরাখণ্ডের রুরকিতে

র‍্যালির মাধ্যমে কিছু অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অগ্নিপথ প্রকল্পের অধীনে নিয়োগ করা হবে সোলজার জেনারেল ডিউটি, ক্লার্ক এবং স্টোর কিপার টেকনিক্যাল পদে। শুধু কর্মরত বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধক্ষেত্রে মৃত সৈনিকের বিধবার ছেলে এবং কর্মরত বা প্রাক্তন সমরকর্মীর ভাইরা আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে র‍্যালি ২২ সেপ্টেম্বর। র‍্যালি পরিচালিত করবে রুরকির বেঙ্গল ইঞ্জিনিয়ার গ্রুপ অ্যান্ড সেন্টার।

**শিক্ষাগত যোগ্যতা: জেনারেল ডিউটি (অল আর্মস) পদের ক্ষেত্রে:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে শুধু পাস নম্বর থাকলেই আবেদন করা যাবে।

ড্রাইভার পদে নিয়োগের ক্ষেত্রে বৈধ লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার।

**ক্লার্ক/স্টোরকিপার (টেকনিক্যাল, অল আর্মস) পদের ক্ষেত্রে:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। প্রতিটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ইংরেজি এবং ম্যাথমেটিক্স বা বুক কিপিং বা অ্যাকাউন্টসে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১০-২০২২ তারিখে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কমন এন্ট্রান্স এক্সামিনেশনের মাধ্যমে। লিখিত পরীক্ষার তারিখ র‍্যালির সময় জানিয়ে দেওয়া হবে।

### র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র।
- ✓ডোমিসাইল সার্টিফিকেট।
- ✓সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ বুক বা রিলেশনশিপ সার্টিফিকেট।
- ✓কোভিড ভ্যাক্সিনেশন সার্টিফিকেট (দুটি ডোজ)।
- ✓কোভিড-১৯ ফ্রি অ্যাসিম্পটোম্যাটিক ও নো-রিস্ক সার্টিফিকেট।

র‍্যালিকেন্দ্রে পৌঁছতে হবে ভোর সাড়ে ৪টে থেকে ৬টার মধ্যে। র‍্যালিকেন্দ্রের ঠিকানা: সেন্টেনারি প্যাভিলিয়ন গ্রাউন্ড, রুরকি।

আবেদনের যোগ্যতা-সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.joinindianarmy.gov.in

বিশদ তথ্যের জন্য যোগাযোগ করুন এই নম্বরে: ০১৩৩২-২৭৫৬৫২।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in